



স্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া, নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা।

পলিসি নাম	ব্যবসায়িক নৈতিকতা নীতি (Business Ethics Policy)	
পলিসি নম্বর	১৪	
পরীক্ষণের তারিখ	০১ লা জানুয়ারী ২০২০	
প্রস্তুতকারী	মোঃ ইদ্রিস মল্লিক- ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)	
পরীক্ষণকারী	মোঃ মাহমুদ হোসেন- উপ মহাব্যবস্থাপক(মানব সম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স)	
অনুমোদনকারী	আলফাজ উদ্দিন আহমেদ- নির্বাহী পরিচালক	

Business Ethics Policy

নীতি-০১। আইনগত ও কর্মক্ষেত্র নীতিমালার অনুশীলন (Compliance with laws and workplace Regulations):

স্টারলিং ডেনিমস্ লিঃ দেশের আইন, ILO সনদ সম্পূর্ণরূপে মেনে চলে যেমনঃ শিল্প আইন, শুল্ক আইন, কারখানা আইন, বেতন, কার্যসময়, শ্রম আইন, স্বাস্থ্য ও নিরাপত্তা, পরিবেশ ও পোশাক শিল্পের সকল আইন, উপ-বিধান এবং বিধি মেনে চলছে।

নীতি-০২। বাধ্যতামূলক শ্রম সম্পর্কে নিষেধাজ্ঞা (Prohibition of Forced Labour):

স্টারলিং ডেনিমস্ লিঃ দেশের শ্রম আইন মোতাবেক শ্রমিক নিয়োগ করে এবং যে কোন ধরনের বাধ্যতামূলক শ্রম যেমনঃ প্রিজন লেবার, ইনডেনচার্ড লেবার, বন্ডেড লেবার ইত্যাদি থেকে সম্পূর্ণ বিরত থাকে।

নীতি-০৩। শিশু শ্রম সম্পর্কে নিষেধাজ্ঞা (Prohibition of Child Labour):

স্টারলিং ডেনিমস্ লিঃ ছেলে মেয়ে নির্বিশেষে বাংলাদেশের শ্রম আইন অনুযায়ী কোন শিশু শ্রমিককে কারখানার কোন ধরনের কাজে নিয়োজিত করে না। বয়সের নির্ভুলতা নিশ্চিত করার জন্য শিক্ষা সনদপত্র / জন্ম তারিখ সনদপত্র / স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/ রেজিস্টার্ড ডাক্তার কর্তৃক বয়স সংক্রান্ত সনদপত্র সংগ্রহ এবং তা শ্রমিকদের ব্যক্তিগত ফাইলে বাধ্যতামূলকভাবে সংরক্ষণ করা হয়।

নীতি-০৪। হয়রানি ও অপব্যবহার সম্পর্কে নিষেধাজ্ঞা (Prohibition of Harassment of Abuse):

স্টারলিং ডেনিমস্ লিঃ কোন শ্রমিক, কর্মচারী যে কোন ধরনের দৈহিক, মানসিক, মৌখিক, যৌন হয়রানি বা অপব্যবহারের শিকার যেন না হয়, সে ব্যাপারে কোম্পানী প্রতিনিয়ত সতর্ক দৃষ্টি রাখে।

নীতি-০৫। বেতন ও অন্যান্য সুবিধা (Compensation and Benefit):



ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া, নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা।

ষ্টারলিং ডেনিমস্ লিঃ শ্রম আইন অনুসারে শ্রমিকদেরকে : (ক) মাসিক বেতন/ মজুরী (খ) মূল বেতনের দ্বিগুণ হারে ওভারটাইম মজুরী (গ) হাজিরা বোনাস (ঘ) ঈদ বোনাস (ঙ) সাপ্তাহিক ছুটি (চ) নৈমিত্তিক ছুটি (ছ) পর্ব ছুটি (জ) চিকিৎসা ছুটি (ঝ) অর্জিত ছুটি (ঞ) মাতৃত্বকালীন ছুটি (ট) গ্রুপ বীমা ইত্যাদি প্রদানে অঙ্গিকারা বদ্ধ।

নীতি-০৬। কাজের সময় (Working Hours):

১২ (বার) মাস সময়কালের মধ্যে কোম্পানী কোন শ্রমিককে প্রতি সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার উপরে এবং এক বছরে সপ্তাহে গড়ে ৫৬ (ছাপ্পান্ন) ঘন্টার উপরে কাজ করার অনুমোদন প্রদান করে না। সকল শ্রমিক কর্মচারী সপ্তাহের ৭ (সাত) দিনের মধ্যে নূন্যতম ১ (এক) দিন অবশ্যই সাপ্তাহিক ছুটি ভোগ করে এবং স্বাভাবিক ভাবেই তা শুক্রবার। প্রতিদিনের সাধারণ কর্ম ঘন্টা হচ্ছে ৮ ঘন্টা (মধ্যাহ্ন বিরতি ছাড়া) এবং প্রয়োজনে সর্বোচ্চ ২ ঘন্টা স্বেচ্ছায় (OT) করানো হয়।

নীতি-০৭। বৈষম্যহীনতা সম্পর্কে নিষেধাজ্ঞা (Prohibition of Discrimination):

চাকুরীর জন্য নিয়োগ ও নির্বাচনের ক্ষেত্রে জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, লিঙ্গ, বয়স, জাতীয়তা, বৈবাহিক অবস্থা নির্বিশেষে প্রত্যক্ষ বা পরোক্ষ যে কোন ধরনের বৈষম্যমূলক আচরণ ও বিবেচনা থেকে কোম্পানী সম্পূর্ণরূপে বিরত থাকে এবং নিরপেক্ষ নীতি অবলম্বন করে।

নীতি-০৮। স্বাস্থ্য ও নিরাপত্তা (Health and Safety):

ষ্টারলিং ডেনিমস্ লিঃ একটি পূর্ণাঙ্গ নিয়মনীতি, অবকাঠামো ও সংস্কৃতি অনুসরণ ও সংরক্ষণের মাধ্যমে কর্মক্ষেত্রে শ্রমিক ও কর্মচারীদের সামগ্রিক স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা নেয় এবং তাদেরকে উদ্বুদ্ধ করে। স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বিধিমালায় ক্ষেত্রে কোম্পানী সবসময় দেশের প্রচলিত আইন এবং সংশ্লিষ্ট আন্তর্জাতিক নীতিমালা অনুসরণ করে থাকে।

নীতি-০৯। সংগঠনের স্বাধীনতা ও যৌথ দরকষাকষি (Freedom of Association and Collective Bargaining):

আইন সঙ্গত ও শান্তিপূর্ণ ভাবে যদি কোন শ্রমিক কোন সংগঠনে জড়িত হতে বা গঠন করতে চায়, কোম্পানী তাকে পূর্ণ স্বাধীনতা প্রদান করে।

নীতি-১০। পরিবেশগত বিধি বিধান (Environment):

বাংলাদেশ সরকারের সকল প্রকার প্রাসঙ্গিক / সংশ্লিষ্ট পরিবেশ আইনের প্রতি কোম্পানী অত্যন্ত শ্রদ্ধাশীল এবং তা মেনে চলার ব্যাপারে সর্বদাই দৃঢ়ভাবে অঙ্গিকারাবদ্ধ। পণ্য উৎপাদনের কাঁচা মাল সংরক্ষণ, ব্যবহার ও অপসারণের ক্ষেত্রে কোম্পানী সর্বদাই পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় নিয়মনীতি মেনে চলার এবং আদর্শ পস্থা সমূহ উদ্ভাবন ও লালন করার ক্ষেত্রে সর্বদাই সচেতন থাকে।

নীতি-১১। কাস্টমস কমপ্লায়েন্স (Customs Compliance):

ষ্টারলিং ডেনিমস্ লিঃ সরকার কর্তৃক অনুমোদিত কাস্টমস আইন-কানুন ও নীতিমালা এবং দেশের নৌ ও বিমান বন্দর কর্তৃপক্ষের প্রচলিত আইনের প্রতি শ্রদ্ধাশীল এবং তা মেনে চলে।

নীতি-১১। নিরাপত্তা বিধি-বিধান (Security):

ষ্টারলিং ডেনিমস্ লিঃ আমদানী রপ্তানীমূলক বিদেশগামী জাহাজের পণ্য বোঝাইকালে তালিকা বর্হিভূত কার্গোর অনাহত আগমন প্রতিহত করতে সকল ক্ষেত্রে পর্যাপ্ত নিরাপত্তা মূলক ব্যবস্থা গ্রহন করে থাকে। উক্ত বিধি বর্হিভূত তালিকায় অবশ্যই মাদকদ্রব্য, জৈবিক উপাদান / জীবানু, বিস্ফোরক দ্রব্য, অস্ত্র-সস্ত্র, বিকিরণ যোগ্য (তেজস্ক্রিয় পদার্থ) এবং অন্যান্য বেআইনী দ্রব্য অন্ডর্ভুক্ত আছে।



স্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া, নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা।